

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং ১২.০০.০০০০.০৩৫.০৭.১০৩.১৪-৯০

তারিখ: ১৭/০৪/২০১৬ খ্রিঃ

বিষয়ঃ এপ্রিল ২০১৬ থেকে জুন ২০১৬ পর্যন্ত সময়ে “সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯” এর আলোকে সার উত্তোলনে ডিলারদের বাধ্যবাধকতা সম্পর্কিত অনুচ্ছেদ ১২.৩ এর কার্যকারীতা স্থগিত রাখা প্রসঙ্গে।

সূত্রঃ বিএফএর স্মারক নং বিএফএ/৮৩/৯৫(ভোল-১১)/১৩০৬৭ তারিখঃ ২৩/০৩/২০১৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি এপ্রিল/২০১৬-জুন/২০১৬ সময়কাল সার ব্যবহারের মন্দা মৌসুম বিধায় উক্ত সময়কালে ইউরিয়া সারের উত্তোলন শিথিলতা আনা প্রয়োজন।

এমতাবস্থায়, ডিলারের গুদামে মাসিক চাহিদার স্বাভাবিক মজুদ থাকা সাপেক্ষে এপ্রিল/২০১৬ -জুন/২০১৬ সময়কালে ডিলারদের ইউরিয়া সার উত্তোলন ঐচ্ছিক করাসহ “সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯ ” এর অনুচ্ছেদ ১২.৩ এর কার্যকারীতা এপ্রিল ২০১৬ থেকে জুন ২০১৬ পর্যন্ত স্থগিত রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

UAlam
১৭/৪/১৬

(মোঃ খোরশেদ আলম)

পরিসংখ্যান কর্মকর্তা

ফোন-৯৫৪৬৬১৩

বিতরণঃ

- ১। চেয়ারম্যান, বিসিআইসি, বিসিআইসি ভবন, মতিঝিল বা/এ ঢাকা
- ২। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি (সকল)
- ৩। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (সকল)

অনুলিপিঃ

- ১। চেয়ারম্যান, বিএফএ, আলরাজি কমপ্লেক্স (৬ষ্ঠ তলা) ১৬৬-১৬৭ সৈয়দ নজরুল ইসলাম সরণী, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
- ২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা